



১৬ অক্টোবর প্রকাশ হবে এইচএসসি ও সমমান পরীক্ষার ফল



সংগৃহীত ছবি

২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশিত হবে আগামী ১৬ অক্টোবর সকাল ১০টায়। ওয়েবসাইট, এসএমএস এবং শিক্ষা প্রতিষ্ঠান থেকে জানা যাবে ফলাফল। পুনর্গনিরীক্ষণের আবেদন করা যাবে ১৭ থেকে ২৩ অক্টোবর পর্যন্ত।

২০২৫ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ ঘোষণা করেছে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। সোমবার (১৩ অক্টোবর) প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ১৬ অক্টোবর সকাল ১০টায় একযোগে ফলাফল প্রকাশ করা হবে।

ফলাফল জানা যাবে ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর, ময়মনসিংহ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে। পাশাপাশি সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র, শিক্ষা প্রতিষ্ঠান এবং এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে।

শিক্ষার্থীরা www.educationboardresults.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বোর্ডের নাম এবং পরীক্ষার বছর নির্বাচন করে ফলাফল দেখতে পারবেন। শিক্ষা প্রতিষ্ঠানগুলো তাদের EIIN নম্বর ব্যবহার করে বোর্ডের ওয়েবসাইট থেকে সমষ্টিগত ফলাফল ডাউনলোড করতে পারবে।

মোবাইলে ফল জানতে চাইলে শর্ট কোড 16222-এ এসএমএস পাঠাতে হবে। ফরম্যাট: HSC<space>Board<space>Roll<space>Year (যেমন: HSC DHA 123456 2025)। কিছুক্ষণের মধ্যেই ফিরতি এসএমএসে ফল পাওয়া যাবে।

এছাড়া ফলাফল পুনর্গনিরীক্ষণের জন্য অনলাইনে আবেদন করা যাবে ১৭ অক্টোবর থেকে ২৩ অক্টোবর পর্যন্ত। আবেদন করতে হবে ওয়েবসাইটে গিয়ে — <https://rescrutinu.eduboardresult.gov.bd> ঠিকানায়। প্রতিটি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ও পত্রিকায় বিস্তারিত নিয়ম প্রকাশ করা হবে।

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছিল ২৬ জুন এবং শেষ হয় ১৯ আগস্ট। কিছু বিষয় স্থগিত হওয়ায় নির্ধারিত সময়ের পর পরীক্ষা শেষ হয়। নিয়ম অনুযায়ী, লিখিত পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যেই ফল প্রকাশ করা হয়।

২০২৫ সালের পরীক্ষায় ১১টি শিক্ষা বোর্ডের অধীনে মোট ১২ লাখ ৫১ হাজার ১১১ জন শিক্ষার্থী ফরম পূরণ করেন। এর মধ্যে ৬ লাখ ১৮ হাজার ১৫ জন ছাত্র এবং ৬ লাখ ৩৩ হাজার ৯৬ জন ছাত্রী। সারাদেশে মোট ২ হাজার ৭৯৭টি কেন্দ্রে এইচএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হয়।